

২০২১ বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGP-CC-T-1

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রদত্ত নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

(A4 কাগজের দশ-বারো পাতার মধ্যে উত্তর লেখা আবশ্যিক)

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $২ \times ১০ = ২০$
- ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কার সম্পাদনায়, কোথা থেকে প্রকাশিত হয়?
- খ) বৃন্দাবন দাস রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো। এটি মোট কটি অধ্যায়ে বিভক্ত?
- গ) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্য কী নামে প্রচলিত? তাঁর কাব্যের দুটি খণ্ডের আখ্যান ভাগের নাম উল্লেখ করো।
- ঘ) ভারতচন্দ্র কোথায় জন্মগ্রহণ করেছিলেন? তাঁর পিতার নাম কী?

- ঙ) সাধক কবি কমলাকান্তের পৈতৃক নিবাস কোথায়? তিনি কী জাতীয় গান রচনা করে বিখ্যাত হয়ে আছেন?
- চ) চর্যাপদের পুঁথি কে আবিষ্কার করেন? তিনি সেটি কী নামে প্রকাশ করেছিলেন?
- ছ) 'কি পেখলুঁ নটবর গৌরকিশোর'— পদকার কে? 'পেখলুঁ' শব্দের অর্থ কী?
- জ) 'আমার শপতি লাগে' পদটিতে কে, কাকে শপথ করাচ্ছেন?
- ঝ) 'রাধার কি হৈল অন্তরে ব্যথা'— কোন্ পর্যায়ের পদ? পদকার কে?
- ঞ) 'কণ্টক গাড়ি কমলসম পদতল'— 'কণ্টক গাড়ি' শব্দের অর্থ লেখো। কার 'কমলসম পদতল'-এর কথা বলা হচ্ছে?
- ট) মিশ্র-কলাবৃত্ত ছন্দ আর কী কী নামে পরিচিত?
- ঠ) দৃষ্টান্তসহ পর্বের সংজ্ঞা লেখো।
- ড) অন্ত্যানুপ্রাস কাকে বলে?
- ঢ) উৎপ্রেক্ষা অলংকার কয় প্রকার ও কী কী?
- ণ) 'জীবে দয়া তব পরম ধর্ম, জীবে দয়া তব কই'— উদ্ধৃতিটি কোন্ অলংকারের দৃষ্টান্ত?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: $৫ \times ৪ = ২০$
- ক) কবি মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের কয়েকটি বৈশিষ্ট্য লেখো।
- খ) টীকা লেখো (যে কোনো একটি) :
রামপ্রসাদ সেন, নারায়ণ দেব।

- গ) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে কোনো দুটি) :
যতি, মাত্রা, পর্ব।
- ঘ) উদাহরণ ও ব্যাখ্যাসহ যে কোনো দুটি অলংকারের সংজ্ঞা লেখো:
যমক, বক্রোক্তি, উপমা।
- ঙ) 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে'— পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
- চ) 'আমার শপতি লাগে' পদটিতে মায়ের আকুলতার যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে বর্ণনা করো।

- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: $১০ \times ২ = ২০$
- ক) মাত্রাবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।
- খ) মাথুর কাকে বলে? তোমার পঠিত এই পর্যায়ের পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
- গ) চর্যাপদাবলীতে সামাজিক জীবনের যে ছবি ফুটে উঠেছে তা বুঝিয়ে দাও।
- ঘ) ধর্মমঙ্গল কাব্যের কবি ঘনরাম চক্রবর্তীর কবি বৈশিষ্ট্য আলোচনা করো।